



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/২৪৯/ঢাকা/৩০১৮

তারিখ : ১৫/১০/২০২০

বিষয় : টাস্কাইল রেসিডেন্সিয়াল স্কুল-এ প্রধান শিক্ষক নিয়োগ প্রসঙ্গে।

- সূত্র : (১) মহামান্য সুপ্রীমকোর্টের অ্যাপিলিয়েট ডিভিশন কর্তৃক সিভিল পিটিশন ফর লীভ-টু-আপিল নং- ৪৯৯/২০২০ এর আদেশ।
 (২) মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ৩১৮/২০২০ এর আদেশ।
 (৩) সংস্থার সভাপতি কর্তৃক ২২/০৯/২০২০ তারিখের আবেদন।
 (৪) সংস্থার মহাসচিব কর্তৃক ২৪/০৯/২০২০ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে,

১। ঢাকা জেলার সাভার উপজেলাধীন টাস্কাইল রেসিডেন্সিয়াল স্কুল কর্তৃপক্ষ কর্তৃক বোর্ডের ১৪/০৯/২০২০ তারিখের ২৮২৬ ও ২৮২৭ নং স্মারকের কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি বা উক্ত স্মারকের জবাব দানে বিরত রয়েছেন। অপরপক্ষে ২৮২৫ নং স্মারকে নীতিমালা অনুসরণ না করে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নিয়োগ দেয়া হয়।

২। বোর্ডের ২৭/১১/২০১৯ তারিখের ১৭৫৩ নং স্মারকে বিদ্যালয়ের নিয়মিত কমিটি ভেঙ্গে প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধি ৩৯ মোতাবেক এডহক কমিটি গঠনের অনুমতি দেয়া হয়। বোর্ড কর্তৃক উক্ত আদেশের বিরুদ্ধে জনাব মোঃ মাসুদ রানা বাদী হয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ৩১৮/২০২০ দায়ের করে। উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ১৯/০১/২০২০ তারিখের প্রদত্ত রায়ে আলোকে বোর্ডের ২৭/১১/২০২০ তারিখের ১৭৫৩ নং পত্রের মাধ্যমে ইস্যুকৃত পত্রের কার্যক্রম ৬ (ছয়) মাসের জন্য স্থগিত করেন। বোর্ড কর্তৃক মহামান্য হাইকোর্টের উক্ত আদেশকে আমলে এনে ১৮/০২/২০২০ তারিখের ২১২৫ নং পত্রের আদেশ ৬ (ছয়) মাসের জন্য স্থগিত ঘোষণা করে পত্র ইস্যু করা হয়।

৩। অপরপক্ষে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ৩১৮/২০২০ এর বিরুদ্ধে জনাব মোঃ আব্দুল লতিফ বাদী হয়ে অ্যাপিলিয়েট ডিভিশনে সিভিল পিটিশন ফর লীভ-টু-আপিল ৪৯৯/২০২০ দায়ের করে। অ্যাপিলিয়েট ডিভিশন কর্তৃক ১৯/০৭/২০২০ তারিখের রায়ে, মহামান্য হাইকোর্টে ১৯/০১/২০২০ তারিখের রিট পিটিশন নং- ৩১৮/২০২০ আদেশটি স্থগিত ঘোষণা করা হয়। ফলে বোর্ড কর্তৃক ইস্যুকৃত বোর্ডের ২৭/১১/২০১৯ তারিখের ১৭৫৩ নং স্মারকের পত্রটি বহাল রয়েছে।

৪। এমতাবস্থায়, শিক্ষক নিয়োগ সংক্রান্ত নিয়োগবিধি অনুসরণ করে ১ (এক) জন যোগ্যতাসম্পন্ন প্রধান শিক্ষক নিয়োগ প্রদান এবং বিদ্যালয়টি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বোর্ড কর্তৃক ইস্যুকৃত ২৭/১১/২০১৯ তারিখের ১৭৫৩ নং স্মারকের নির্দেশ মোতাবেক প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধি ৩৯ অনুযায়ী কমিটি গঠনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে বোর্ডকে জরুরি ভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রাপক : সভাপতি, সংস্থা প্রধান
আবুল হাসেম ফাউন্ডেশন
আলীয়া মাদ্রাসা, সাভার, ঢাকা।


স্বাঃ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

মেমো নং- ৩০১৮(৮)

তারিখ : ১৫/১০/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাভার, ঢাকা।
- ৭। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। অফিস কপি।


১৫/১০/২০২০
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।


১৫/১০/২০২০